# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৬.০৭৭.২২- ১৯

তারিখঃ ২২/০৯/১৪২৯ বঙ্গাব্দ
০৬/০১/২০২২ খ্রিস্টাব্দ

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ:আ:- জনাব সিদ্ধার্থ শংকর কুন্ডু
উপসচিব (প্রশাসন সমবায়,)

**বিষয়ঃ ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর,২০২২) অগ্রগতির প্রতিবেদন প্রেরণ**

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের ২০২২-২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) পরিবীক্ষণ ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর,২০২২) অগ্রগতির প্রতিবেদন সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে
সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ প্রতিবেদন ৪ পাতা।

আপনার বিশ্বস্ত,


জান্নাতুন আরা বেগম
মহাব্যবস্থাপক
ব্যবস্থাপনা পরিচালকের রুটিন দায়িত্ব
ফোন-০২-৮১৮০১৫০
মোবা. নং-০১৭৬৯৫৯৪২০২
md.sfdf@yahoo.com

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
**প্রধান কার্যালয়**

## সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) এর ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর,২০২২) পরিবীক্ষণ প্রতিবেদন

**২.১) নাগরিক সেবা**

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | পর্যবেক্ষণ/বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | সরকারি অর্থ বিনিয়োগের মাধ্যমে ক্ষুদ্র কৃষক পরিবার ও দরিদ্র মানুষকে কর্মসংস্থানের জন্য আর্থিক ঋণ সুবিধা প্রদান | ফাউন্ডেশনের কর্মকর্তাগণ স্বেচ্ছাসেবী মনোভাব নিয়ে দরিদ্র মানুষকে সংগঠিত করে সমিতি/কেন্দ্র গঠন করেন। সমিতির সদস্যদের বিভিন্ন পেশা ও কাজের দক্ষতা বিবেচনা করে তাদের বিভিন্ন ট্রেডে ঋণ প্রদানের জন্য বাছাই করেন এবং স্বল্পতম সময়ের মাধ্যমে ঋণ সুবিধা প্রদান করে থাকেন। এজন্য ফাউন্ডেশনের কর্মকর্তাদের কোন ধরনের আর্থিক সুবিধা গ্রহণের সুযোগ নেই। কাউকে ঋণ গ্রহণে ফাউন্ডেশনের কোন কর্মকর্তাকে কোন রকমের অর্থ দিতে হয় না। দারিদ্র্য বিমোচন ও পল্লী উন্নয়নে এটি সরকারি কার্যক্রমের অংশ। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে সুফলভোগীদের মাঝে ক্ষুদ্র ঋণ ও ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বাবদ ৭৭ কোটি ৮৫ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। | |
| ২ | সদস্য ভর্তি | সংশ্লিষ্ট এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে এবং কৃষি ও উৎপাদন কাজে সম্পৃক্ত পরিবারের সদস্যদের বিশেষ করে নারীদের অগ্রাধিকার দেয়া হবে। এছাড়া জাতীয় পরিচয়পত্র ও মোবাইল নম্বর থাকতে হবে। সদস্যদের বয়স ১৮ থেকে ৬০ বছরের মধ্যে হতে হবে। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৪১৬০ জনকে নতুন করে সদস্যভূক্ত করা হয়েছে। | |
| ৩ | কেন্দ্র গঠন | উপজেলার ভূমিহীন, প্রান্তিক চাষি ও ক্ষুদ্র কৃষকদের ২০-৩০ জন সদস্যকে নিয়ে কেন্দ্র গঠন করা। সঞ্চয় জমায় উদ্বুদ্ধ করে সদস্যদের নিজস্ব পুজিঁগঠন এবং ক্ষুদ্র ঋণ সুবিধা প্রদান। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৮০টি নতুন কেন্দ্র গঠন করা হয়েছে। | |
| ৪ | জামানতবিহীন ক্ষুদ্র ঋণ | প্রাথমিক পর্যায়ে ২০ হাজার থেকে শুরু করে পর্যায়ক্রমে ৬০ হাজার টাকা পর্যন্ত বিভিন্ন আয়বর্ধক কার্যক্রমে জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান। ১১% হারে সেবামূল্যসহ এ ঋণ সাপ্তাহিক কিস্তিতে পরিশোধযোগ্য।ঋণ পরিশোধের সর্বোচ্চ মেয়াদ ১ বছর। ঋণগ্রহীতা সদস্যের নিজের মৃত্যুর ক্ষেত্রে ঋণ অবলোপন করা হয়। এজন্য ১% ঝুঁকি ভাতা নেয়া হয়। এছাড়া সদস্য ভর্তি ফি ৩০ টাকা এবং পাশ বই বাবদ ১০ টাকা নেয়া হয়। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে সুফলভোগী সদস্যদেরকে বিভিন্ন আয়বর্ধনমূলক কার্যক্রম গ্রহণ করার লক্ষ্যে ৩৫ কোটি ২২ লক্ষ টাকা জামানতবিহীন ক্ষুদ্র ঋণ প্রদান করা হয়েছে। এ সময়ে ঝুঁকি তহবিল, সদস্য ভর্তি ফি এবং পাশ বই বিক্রি বাবদ টাকাও আদায় হয়েছে। | |
| ৫ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ নীতিমালা অনুযায়ী পূর্বের গ্রাজুয়েট সদস্যগণ এবং ক্ষুদ্র উদ্যোক্তা/ব্যবসায়ীরা এসএফডিএফ - এর সদস্যভূক্তির পর ৫০ হাজার হতে ২ লাখ টাকা পর্যন্ত বিভিন্ন প্রকল্পে ঋণ নিতে পারবেন। ১১% হারে সেবামূল্যসহ মাসিক কিস্তিতে এ ঋণ পরিশোধযোগ্য। ঋণ পরিশোধের সর্বোচ্চ ময়াদ ২ বছর, ঋণ আবেদনপত্র মূল্য ২০ টাকা, আবেদনপত্র যাচাই খরচ ১০০ টাকা এবং মূল্যায়ন ফি মঞ্জুরীকৃত ঋণের ০.৫% নেয়া হয়। ঋণের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী জামানত প্রয়োজন। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৪২ কোটি ৬৩ লক্ষ টাকা ক্ষুদ্র উদ্যোক্তা ঋণ বিতরণ হয়েছে। | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | পর্যবেক্ষণ/বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ৬ | সঞ্চয় জমা | সঞ্চয় জমার উপর সদস্যগণ কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত হারে মুনাফা পেয়ে থাকেন এবং তা উত্তোলন করতে পারেন। প্রথমে ঋণের বিপরীতে ৫% হারে এবং ধাপে ধাপে বর্ধিত ঋণের বিপরীতে ১০% থেকে ১৫% পর্যন্ত সঞ্চয় জমা রাখতে হয়। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৮ কোটি ২৯ লক্ষ টাকা সঞ্চয় আদায় হয়েছে। | |
| ৭ | প্রশিক্ষণ | সুফলভোগী সদস্যদের আধুনিক চাষাবাদ ও উৎপাদন প্রযুক্তিতে দক্ষতা বৃদ্ধির জন্য আয়বৃদ্ধিমূলক কার্যক্রম যেমনঃ কৃষি, শাক সবজি চাষ, মৎস্য চাষ, হাঁস-মুরগীর খামার, গবাদি পশু প্রতিপালন, উন্নত কৃষি প্রযুক্তির ব্যবহার, স্বাস্থ্য, শিক্ষা ও পুষ্টি সচেতনতা, বাল্য বিবাহ রোধ এবং পরিকল্পিত পরিবার গঠনসহ বিভিন্ন সামাজিক ও অর্থনৈতি উন্নয়ন ও কার্যক্রমের ওপর প্রশিক্ষণ দেয়া হয়। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে সুফলভোগীদের আয়বর্ধণমূলক বিষয়ে ৪৬৪০ জন, উদ্ধুদ্ধকরণ বিষয়ে ২৫৮২ জন এবং ৫৬১ জন কর্মকর্তাকে বিভিন্ন বিষয়ে দক্ষতা উন্নয়নে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |
| ৮ | অনলাইন অটোমেশন সেবা | তাৎক্ষণিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।<br>এছাড়া অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষনিকভাবে জানার সুযোগ রয়েছে। | ফাউন্ডেশনের ১৭৩টি উপজেলার কার্যক্রম অনলাইনের আওতায় আনা হয়েছে। অনলাইন প্রতিবেদনের মাধ্যমে মাঠ কার্যক্রম মনিটরিং করা হয়। অটোমেশনের তথ্যের সাথে ম্যানুয়েল তথ্য ক্রস চেকিং করে প্রধান কার্যালয়ের মনিটরিং টিমের মাধ্যমে মাঠ পর্যায়ে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করা হয়ে থাকে। তাছাড়া উপজেলা অটোমেশনে এন্ট্রিকৃত তথ্য বিশ্লেষণের মাধ্যমে উপজেলার অনিয়ম চিহ্নিত করে তদানুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হয়। | |
| ৯ | এসএমএস সার্ভিস মোবাইল নম্বর | ফাউন্ডেশনের অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৮০% বাস্তবায়ন হয়েছে। | |
| ১০ | অটোমেশন বায়োমেট্রিক পদ্ধতি | একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের আঙ্গুলের ছাপ সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের সম্পন্ন করা হচ্ছে। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ৪৭% বাস্তবায়ন হয়েছে। | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | পর্যবেক্ষণ/বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| | | অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন উপজেলায় ঋণ গ্রহণ করতে গেলে অটোমেশন সফটওয়্যার নোটিফিকেশন দিবে। ফলে একসাথে বা ভিন্ননামে একাধিক ঋণ নিতে সক্ষম হবেন না। পাশাপাশি এনআইডিতে প্রদত্ত আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের সাথেও তা চেক করার ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে। | | |
| ১১ | অভিযোগ ও পরামর্শ | এসএফডিএফ-এর কোন কর্মকর্তা সেবা প্রদানে, ঋণ সুবিধা প্রদানে, কিস্তি আদায়ে, সঞ্চয়ের উপর মুনাফা সুবিধা প্রদানে, পুর্জি উত্তোলন বা অন্য যে কোন সেবার ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না। এ ধরনের কোন ঘটনা ঘটলে তা প্রতিকারের জন্য সাথে সাথে মহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালককে ফোনে বা লিখিতভাবে অভিযোগ করা যাবে। এছাড়া এসএফডিএফ-এর কার্যক্রম উন্নয়নের জন্য কোন পরামর্শ থাকলে তা প্রধান কার্যালয়ে লিখিতভাবে জানানো যাবে। | অভিযোগ প্রদানের সুবিধার্থে প্রধান কার্যালয়সহ মাঠ পর্যায়ে সকল কার্যালয়ে অভিযোগ বাক্স স্থাপন করা হয়েছে। এছাড়া মাঠ পর্যায়ের কার্যালয়সমূহে অভিযোগ গ্রহণ রেজিষ্টার চালুর মাধ্যমে প্রাপ্ত অভিযোগের ভিত্তিতে ব্যবস্থা গ্রহণ করা হয়ে থাকে। তবে অভিযোগ প্রাপ্তির সংখ্যা খুবই নগন্য। ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে মাঠ পর্যায় থেকে কোন অভিযোগ পাওয়া যায়নি। | |

**২.২) প্রাতিষ্ঠানিক সেবা**

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | পর্যবেক্ষণ/বাস্তবায়ন | মন্তব্য |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের পদ সৃজন | ফাউন্ডেশনের পরিচালনা পর্ষদের সভায় পদ সৃজনের জন্য প্রস্তাব রাখা হয়। পরিচালনা পর্ষদের অনুমোদনের পর পদ সৃজনের আদেশ ফাউন্ডেশনের কর্মচারী চাকুরী প্রবিধানমালায় অন্তর্ভূক্ত করা হয়। | এ সময়ে কোন নতুন পদ সৃজন হয়নি। | |

**২.৩) অভ্যন্তরীণ সেবা**

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | | |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | সিপিএফ অগ্রিম | পরিবারের কোন সদস্যের<br>১) চিকিৎসার জন্য অথবা<br>২) বিবাহের ব্যয় নির্বাহের জন্য অথবা<br>৩) শিক্ষার ব্যয় নির্বাহের জন্য অথবা<br>৪) নিজস্ব বাসগৃহের জমি ক্রয়ের জন্য অথবা<br>৫) নিজস্ব বাসগৃহ সংস্কার/নির্মাণের জন্য। নির্ধারিত ফরম পূরণ করে ব্যবস্থাপনা পরিচালক বরাবরে আবেদন করতে হয়। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর, ২০২২ সময়ে ৪৩ জন কর্মকর্তা/ কর্মচারীকে ৩১ লক্ষ ৮০ হাজার টাকা সিপিএফ তহবিল থেকে ঋণ প্রদান করা হয়েছে। | |

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | | |
|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ২ | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের জনবল নিয়োগ | ফাউন্ডেশনের সকল পর্যায়ের জনবল নিয়োগের জন্য ফাউন্ডেশন কর্তৃক গঠিত নিয়োগ/পদোন্নতি কমিটি রয়েছে। জনবলের শূন্য পদ যাচাই সাপেক্ষে নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়ে থাকে। প্রাপ্ত আবেদনপত্রসমূহ 'আবেদনপত্র বাছাই কমিটি' গঠনের মাধ্যমে আবেদনপত্র যাচাই বাছাইয়ের পর প্রবেশপত্র ইস্যু করা হয়। পরবর্তীতে লিখিত/মৌখিক/ ব্যবহারিক পরীক্ষা গ্রহণের মাধ্যমে নিয়োগ কমিটি কর্তৃক নিয়োগের সুপারিশ করা হয়। | ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর,২০২২ সময়ে ফাউন্ডেশনে কোন নিয়োগ প্রক্রিয়া সম্পাদন হয়নি। | |
| ৩ | সিরডাপ, বার্ড ও AARDO ইত্যাদি আন্তর্জাতিক সংস্থাসমূহের প্রশিক্ষণার্থী মনোনয়ন | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ২নং বাছাই কমিটির ফরম ২০১৪ প্রাপ্তির পর প্রশিক্ষণার্থী মনোনয়নপূর্বক উক্ত ফরম পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে প্রেরণ করা হয়। | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ হতে ১ অক্টোবর,২০২২ - ৩১ ডিসেম্বর, ২০২২ সময়ে ১ জন প্রার্থীকে AARDO প্রশিক্ষণে মনোনয়ন প্রদান করা হয়েছে। | |

(জান্নাতুন আরা বেগম)
মহাব্যবস্থাপক
ব্যবস্থাপনা পরিচালকের রুটিন দায়িত্ব